



দৈনিক
ইত্তেফাক

**রেজিস্টার্ড প্রাইমারি স্কুলে
প্যানেলভুক্তদের নিয়োগে
নির্দেশ হাইকোর্টের**

■ ইত্তেফাক রিপোর্ট

রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে নিয়োগের জন্য প্যানেলভুক্তদের ৬০ দিনের মধ্যে নিয়োগ দিতে সরকারকে নির্দেশ দিয়েছে হাইকোর্ট। বিচারপতি ফারাহ মাহবুব ও বিচারপতি কাজী মো. ইজারুল হক আকন্দের ডিভিশন বেঞ্চ গতকাল বৃহস্পতিবার নিয়োগবর্তিতদের করা পৃথক ৩৬৭টি রিট আবেদনের পরিপ্রেক্ষিতে জারিকৃত রুল নিষ্পত্তি করে এ রায় দেয়।

স্বায়ের পর ডেপুটি অ্যাটর্নি জেনারেল আমাতুল করীম সাংবাদিকদের বলেন, আদালত শর্তসাপেক্ষে নিয়োগের নির্দেশ দিয়ে প্রায় ৪শ' রিট আবেদন নিষ্পত্তি করে দিয়েছে। রিট আবেদনকারীদের নাম যদি প্যানেলে থেকে থাকে তাহলে মেথার ভিত্তিতে শূন্যপদে দুই মাসের মধ্যে নিয়োগের নির্দেশ দেয়া হয়েছে।

রিটকারীদের অন্যতম আইনজীবী মোহাম্মদ ছিদ্দিক উল্লাহ মিয়া জানান, তার করা ২৯টি রিটে প্রায় তিন হাজার আবেদনকারী রয়েছেন। সব রিট মিলে আবেদনকারী প্রার্থীর সংখ্যা প্রায় ১০ হাজার হতে পারে। এর আগে একই বিষয়ে হাইকোর্টের দেয়া রায় গত ৭ মে রহুল রাখে আপিল বিভাগ। ওই রায়ে প্যানেলভুক্ত ১০ শিক্ষককে নিয়োগ দিতে সরকারকে নির্দেশ দেয়।